# বেনিফিটগুলি: কি কি পাওয়া যেতে পারে এবং কি ভাবে সেগুলি পাওয়া যায়

ওয়েলফেয়ার বেনিফিটের ব্যবস্থা হচ্ছে জটিল। অনেকেই জানেন না যে কি কি বেনিফিট তারা দাবী করতে পারেন।

আপনি কেয়ারারস্লাইনের ০৮০৮ ৮০৮ ৭৭৭৭ ফোন করে অথবা নীচের সংস্থাগুলি থেকেও সাহায্য এবং উপদেশ নিতে পারেন।

- www.carersonline.org.uk
- যে কোন একটি সিটিজান এডভাইস ব্যুরো
- যে কোন একটি ওয়েলফেয়ার রাইটস্ ইউনিট
- যে কোন একটি বিকলাঙ্গ(disability) সংস্থা
- যে কোন একটি এইজ কনসার্নের বিভাগ
- যে কোন একটি কেয়রার্সের প্রযেক্ট

উপরোক্তগুলি আপনি টেলিফোনের বইয়ে পেতে পারেন অথবা স্থানীয় লাইব্রেরি বা কাউন্সিলের অফিসে জিজ্ঞাসা করুন।

## কি কি বেনিফিট পাওয়া যেতে পারে?

কেয়রাররা/যত্ন প্রদানকারীরা

**কেয়ারারস্ এলাউন্স (Carer's allowance CA)(আগের ইনভেলিড কেয়ার এলাউন্স)**
এটা হচ্ছে কেয়রারদের/যত্ন প্রদানকারীদের মূল বেনিফিট। প্রত্যেক সপ্তাহে এই বেনিফিট দেওয়া হয় ৪৩ পাউন্ড ১৫ পেনি করে। কেয়ারারস্ এলাউন্স পেতে হলে আপনি অবশ্যই:

- সপ্তাহে অন্তত: ৩৫ ঘণ্টার জন্য যত্ন প্রদান করতে হবে
- আপনি যে ব্যক্তির যত্ন নিচ্ছেন তাকে অবশ্যই হয় এটেন্ডেন্স এলাউন্স অথবা মধ্যম অথবা উচ্চতর পরিমানের কেয়ার কম্পোনেন্ট পেতে হবে
- বয়স ১৬ অথবা তার বেশী হতে হবে
- কতকগুলি বিশেষ খরচের পর আপনার সাপ্তাহিক আয়ের পরিমান ৭৭ পাউন্ডের কম হতে হবে
- আপনি যদি ছাত্র হন তাহলে সপ্তাহে ২১ ঘণ্টার কম সময়ের জন্য পড়াশোনা করতে হবে

- ইউ কে তে থাকার এবং অভিবাসনের(immigration/ইমিগ্রেশন) সর্তগুলি পূরণ করতে হবে
- রিটায়ারমেন্ট পেনশন, ইনক্যাপাসিটি বেনিফিট, কন্ট্রিবিউশন বেইসড জব সিকারস্ এলাউন্স এবং শোকগ্রস্তদের(bereavement/বিরিভমেন্ট) জন্য যে সকল বেনিফিটগুলির উচ্চতর পরিমান পান না।

কতকগুলি বিশেষ বেনিফিট পাওয়ার নিয়মগুলি যদি আপনার ক্ষেত্রে প্রযোজ্য না হয় অথবা আপনি যে ব্যক্তিকেযত্ন প্রদান করেছেন, তাহলে তিনি মারা যাওয়ার পর ৮ সপ্তাহ পর্য্যন্ত আপনি কেয়ারারস্ এলাউন্স পেতে পারেন
আপনার সঙ্গী যদি কতকগুলি বেনিফিট যেমন: রিটায়ারমেন্ট পেনশন অথবা ইনক্যাপাসিটি বেনিফিট পেয়ে থাকেন তাহলে তিনি আপনার জন্য বাড়তি অর্থের দাবী করতে পারেন; এটাকে বলা হয় নির্ভরশীল ব্যক্তিদের জন্য সংযোজন(dependant's addition/ডিপেন্ডেন্ট এডিশন )। আপনি যদি নিজের অধিকারে কেয়ারারস্ এলাউন্স পেয়ে থাকেন তাহলে আপনার সঙ্গী নির্ভরশীল ব্যক্তিদের জন্য সংযোজন(dependant's addition) পাবেন না।

আপনি কেয়ারারস এলাউন্সের দাবী করলে কখনও, আপনি যে ব্যক্তিকে যত্ন প্রদান করছেন তিনি কিছু কিছু বেনিফিট নাও পেতে পারেন অথবা হারাতে পারেন। তিনি যদি ইনকাম সাপোর্ট, ইনকাম বেইসড্ জব সিকারস্ এলাউন্স, হাউজিং বেনিফিট অথবা কাউন্সিল ট্যাক্স বেনিফিট পেয়ে থাকেন, তাহলে আপনি এই বেনিফিটের দাবী করার আগে উপদেশ নিন।

কেয়ারারস্ এলাউন্সের আবেদন পত্রের জন্য ডিপার্টমেন্ট অফ ওয়ার্ক এন্ড পেনশনের কেয়ারার এবং ডিসেবলড্ ব্যক্তিদের অনুসন্ধান(enquiry/ইনকোয়ারি) লাইন ০৮০০ ৮৮২২০০ (নর্দান আয়ারল্যান্ডে ০৮০০ ২২০৬৭৪) নম্বরে ফোন করুন

## কেয়ারার প্রিমিয়াম

এটা একটা বেনিফিট নয়, এটা হচ্ছে একটা বাড়তি ভাতা। ইনকাম সাপোর্ট, ইনকাম বেইসড্ জব সিকারস্ এলাউন্স, হাউজিং বেনিফিট এবং কাউন্সিল ট্যাক্স বেনিফিটের ((নর্দান আয়ারল্যান্ডে রেট রিবেট) হিসাব করার সময় এই ভাতার হিসাব করা হয়। এর ফলে আপনার সপ্তাহে ২৫ পাউন্ড ১০ পেনি আয় বাড়তে পারে।

নিম্নলিখিতগুলি অবস্থাগুলি যদি আপনি অথবা আপনার সঙ্গীর ক্ষেত্রে প্রযোজ্য হয়, তাহলে বেনিফিটের হিসাবে কেয়ারারের প্রিমিয়ামকে অন্তর্ভূক্ত করা হয়ে থাকে।

- কেয়ারারস এলাউন্স অথবা
- কেয়ারারস্ এলাউন্স পেতে পারেন না কারন আপনি বা আপনার সঙ্গী উচ্চতর পরিমানে বিশেষ কোন বেনিফিট পাচ্ছেন।

## ন্যাশনাল ইনসিওরেন্স জমানো

আপনি যদি কেয়ারারস্ এলাউন্স পান অথবা অন্য কোন শোকগ্রস্থ(bereavement/বিরিভমেন্ট) বেনিফিট পাওয়ার জন্য কেয়ারারস্ এলাউন্স না পেয়ে থাকেন তাহলে প্রত্যেক সপ্তাহে আপনার ন্যাশনাল ইনসিওরেন্স জমা পড়তে পারে। আপনি যদি অসুস্থতারঅথবা বিকলাঙ্গতার জন্য চাকরী/কাজ করতে না পারেন, অথবা চাকরী/কাজ করতে পারবেন বলে ‘সাইন অন’ করেন এবং এই কারনে বেনিফিট পেয়ে থাকেন তাহলে এর জন্যও আপনার ন্যাশনাল ইনসিওরেন্স জমা পড়তে পারে। এটাকে বলা হয় ‘ইনসিওরেন্স কন্ট্রিবিউশন ক্রেডিট’। এই ক্রেডিট ভবিষ্যতে আপনার অবসর গ্রহনের পেনশন এবং রাষ্ট্রীয়(state /স্টেট) দ্বিতীয়

পেনশন পাওয়ার যোগ্যতা বজায় রাখে এবং ভবিষ্যতে ইনক্যাপাসিটি বেনিফিট অথবা জবসিকারস্ এলাউন্স  পাওয়ার যোগ্যতা অর্জন করতে সাহায্য করে।

## হোম রেসপনসিবিলিটি প্রটেকশন

আপনার যদি ন্যাশনাল  ইনসিওরেন্স জমা পড়ার যোগ্যতা না থাকে তাহলে আপনি হয়ত হোম রেসপনসিবিলিটি প্রটেকশন পেতে পারেন।  এটা ভবিষ্যতে আপনার অবসর গ্রহনের পেনশন এবং রাষ্ট্রীয়(state/স্টেট)) দ্বিতীয় পেনশন পাওয়ার যোগ্যতা বজায় রাখতে সাহায্য করে।  আপনি যদি কেয়ারার হিসাবে ইনকাম সাপোর্ট পেয়ে থাকেন তাহলে আপনি স্বাভাবিক ভাবেই এই হোম রেসপনসিবিলিটি প্রটেকশন পাবেন।  আপনি যদি ১৬ বৎসরের নীচের কোন বাচ্চার জন্য চাইল্ড বেনিফিট পান তাহলে স্বাভাবিকভাবেই অবসর গ্রহনের পেনশন পাবার যোগ্যতা অর্জন করে থাকেন এবং যদি ৬ বৎসরের নীচের কোন বাচ্চার জন্য চাইল্ড বেনিফিট পান তাহলে রাষ্ট্রীয়(state/স্টেট) দ্বিতীয় পেনশন পাওয়ার যোগ্যতা অর্জন করে থাকেন।  অন্যথায় যদি নিম্নলিখিতগুলি অবস্থাগুলি আপনার ক্ষেত্রে প্রযোজ্য হয় তাহলে আপনি প্রত্যেক ট্যাক্স বৎসরে এই প্রটেকশনের জন্য আবেদন করতে পারেন।

- সপ্তাহে অন্তত: ৩৫ ঘণ্টার জন্য যত্ন প্রদান করতে হবে
- আপনি যে ব্যক্তির যত্ন নিচ্ছেন তাকে অবশ্যই হয় এটেন্ডেন্স এলাউন্স অথবা মধ্যম অথবা উচ্চতর পরিমানের কেয়ার কম্পোনেন্ট পান
- আপনি ট্যাক্স বৎসরের মধ্যে ৪৮ সপ্তাহ সেই ব্যক্তিকে যত্ন প্রদান করে থাকেন।

ট্যাক্স বৎসর শেষ হওয়ার তিন বৎসরের মধ্যে আপনাকে এই প্রটেকশনের জন্য আবেদন করতে হবে এই আবেদন করার জন্য আপনর স্থানীয় ইনল্যান্ড রেভিনু্য অফিসের সঙ্গে যোগাযোগ করুন।

## যে সকল ব্যক্তিরা অসুস্থ অথবা বিকলাঙ্গ এবং ইনক্যাপাসিটি বেনিফিট

যে সকল ব্যক্তিরা অসুস্থতা অথবা বিকলাঙ্গতার জন্য চাকরি/কাজ করতে পারেন না তাদেরকে এই বেনিফিট পেতে হলে অবশ্যই:

- উপযুক্ত পরিমানের ন্যাশনাল ইনসিওরেন্স জমা থাকতে হবে
- আপনার নিয়োগকর্ত্তার কাছ থেকে স্টেট্যুটোরি সিক পে পান না
- বয়স ১৬ বৎসরের উপর এবং অবসর গ্রহনের নীচে হতে হবে (মহিলাদের জন্য ৬০ এবং পুরুষদের জন্য ৬৫)

## ইনক্যাপাসিটি বেনিফিট এবং অল্পবয়স্ক ব্যক্তিরা

আপনার বয়স যদি ২০ বৎসরের কম (অথবা যদি শিক্ষাগ্রহণ বা ট্রেইনিংয়ে থাকেন তাহলে ২৫ বৎসরের কম) হয়  এবং অন্ততপক্ষে ১৯৬ দিনের জন্য চাকরী/কাজ করতে অক্ষম হন তাহলে  আপনার উপযুক্ত  পরিমানের ন্যাশনাল ইনসিওরেন্স না দেওয়া থাকলেও আপনি ইনক্যাপাসিটি বেনিফিটের জন্য আবেদন করতে পারবেন

আপনার স্থানীয় সোসাল সিকিউরিটির অফিস অথবা জব সেন্টার প্লাস অফিসে এই বেনিফিটের জন্য আবেদন করূন।

আপনার বয়স যদি ১৯ বৎসরের কম হয় এবং আপনি শিক্ষাগ্রহন/পড়াশোনা করছেন, তাহলে আপনি ইনক্যাপাসিটি বেনিফিট পাবেন না, যদি না আপনি সপ্তাহে ২১ ঘণ্টার কম সময়ের জন্য শিক্ষাগ্রহন/পড়াশোনা করেন - যে শিক্ষাগ্রহন/পড়াশোনা কেবলমাত্র বিকলাঙ্গ ব্যক্তিদের জন্য উপযুক্ত, সেটা এই নিয়মের অন্তর্ভূক্ত নয়।

## ডিসেবিলিটি লিভিং এলাউন্স (ডি এল এ)

যে সকল ব্যক্তিরা ৬৫ বৎসর বয়সের আগে প্রথমবার এই বেনিফিটের জন্য আবেদন করছেন, এই বেনিফিট হচ্ছে তাদের জন্য। ডিসেবিলিটি লিভিং এলাউন্স পাওয়ার জন্য নিম্নলিখিত নিয়মগুলি, বেনিফিটের দাবী করবার ৩ মাস আগে থেকে এবং সম্ভবত দাবী করার ৬ মাস পর পর্য্যন্ত অবশ্যই আপনার ক্ষেত্রে প্রযোজ্য হতে হবে। আপনি যদি চরম রোগগ্রস্থ হন তাহলে এই নিয়ম আপনার ক্ষেত্রে প্রোযোজ্য হবে না।

আপনার যদি ডিসেবিলিটি লিভিং এলাউন্স পাওয়ার যোগ্যতা থেকে থাকে, তাহলে আপনার আয়/রোজগার বা সঞ্চয় যে পরিমানেরই হোক না কেন আপনাকে এটা দেওয়া হবে। বেশীর ভাগ বেনিফিটের সঙ্গেও এটা পাওয়া যেতে পারে

ডিসেবিলিটি লিভিং এলাউন্স পেলেও ইনকাম সাপোর্ট, হাউজিং বেনিফিট এবং কাউন্সিল বেনিফিট গুলির ((নর্দান আয়ারল্যান্ডে রেট রিবেট) পরিমান কমে না এবং সম্ভবত এই বেনিফিটগুলির পরিমান বেড়ে যেতে পারে।

এই বেনিফিটের দুইটি ভাগ আছে: একটি হচ্ছে যত্ন প্রদানের অংশ(care component) এবং অন্যটি হল চলাফেরা করার অংশ (mobility component)। আপনি যদি যত্ন প্রদানের অংশে (care component) মাধ্যমিক বা উচ্চতর পরিমানের বেনিফিট পেয়ে থাকেন, তাহলে তার মানে হল যে, যে ব্যক্তি আপনাকে যত্ন প্রদান করছেন তিনি কেয়ারারস এলাউন্সের জন্য আবেদন করতে পারবেন। হল চলাফেরা করার অংশের (mobility component)। উচ্চতর পরিমান বেনিফিট পাওয়ার মানে হল যে সোসাল সার্ভিস থেকে আপনার গাড়ীর জন্য ব্লু বেজ (blue badge) পাবেন এবং আপনাকে রোড ট্যাক্স দিতে হবে না। আপনি ফর্ম পাবেন ডিজেবিলিটি ইউনিট থেকে (টেলিফোন ০৮৪৫ ৭১২ ৩৪৫৬)

যত্ন প্রদানের অংশ(care component) হচ্ছে সেই সকল ব্যক্তিদের জন্য যারা:

- তাদের প্রধান খাদ্য রান্না বা তৈরী করতে পারেন না; অথবা
- জামাকাপড় পড়া,স্নান করা, তাদের নিজেদের বাড়ীতে যোগাযোগ বা চলাফেরা করা খুব কঠিন হয়ে পড়ে; অথবা
- চরম রোগে ভুগছেন; অথবা
- তারা যাতে নিরাপদে থাকেন সেইজন্য অন্য কোন ব্যক্তির সব সময় তাদের উপর নজর রাখতে হয়

বেনিফিটের এই অংশ দেওয়া হয় তিনটি পরিমানে। এই বেনিফিট পাওয়ার জন্য কোন ন্যূনতম বয়সের সীমা নেই, তবে আপনি রান্না করতে পারেন না বলে যদি এই বেনিফিট দেওয়া হয় - তাহলে সেই ক্ষেত্রে সময় সীমা হচ্ছে ১৬ বৎসর.

**চলাফেরা করার অংশ (mobility component)** যে সকল ব্যক্তিদের, তাদের অসুস্থতা অথবা বিকলাঙ্গতার জন্য হাটাচলা করা কঠিন হয়ে পড়ে, তাদেরকে এই বেনিফিট দেওয়া হয়। এই বেনিফিটের দুইটি পরিমান আছে।

যদি কোন শারীরিক বিকলাঙ্গতার জন্য হাটাচলা করার ক্ষমতা খুবই সীমিত হয়ে পড়ে অথবা আপনার শিক্ষাগ্রহণ করার ক্ষমতায় গুরুতর বিকলাঙ্গতা থেকে থাকে, তাহলে এই উচ্চতর পরিমানের বেনিফিট দেওয়া হয়ে থাকে। যাদের, শারীরিক বিকলাঙ্গতা, মানসিক অসুস্থতা অথবা শিক্ষা গ্রহনের সীমিত বিকলাঙ্গতা থাকে এবং যখন তারা কোন অপিরিচিত এলাকায় হাটাচলা করেন তখন তাদের একজন সঙ্গীর প্রয়োজন হয়, সেই সকল ব্যক্তিদের জন্য নিম্নতর পরিমানের বেনিফিট দেওয়া হয়।

উচ্চতর পরিমান ৩ বৎসর বয়স থেকে এবং নিম্নতর পরিমান ৫ বৎসর বয়স থেকে দেওয়া হতে পারে।

ডিসেবিলিটি লিভিং এলাউন্সের আবেদন করার জন্য ডিপার্টমেন্ট অফ ওয়ার্ক এন্ড পেনশনের, কেয়ারারস এবং ডিসেবলড পিপলস এনকোয়ারি লাইনের ০৮০০ ৮৮২২০০ (নর্দান আয়ারল্যান্ডে ০৮০০ ২২০৬ ৭৪) নম্বরে ফোন করুন।

## এটেনডেন্স এলাউন্স (এ এ)

যে সকল ব্যক্তিরা তাদের ৬৫তম জন্মদিন বা তার পরে বেনিফিটের জন্য আবেদন করেন তাদের জন্য এই বেনিফিট।
এই বেনিফিটের দুইটি পরিমানের একটি দেওয়া হয়।

এই বেনিফিট দেওয়া হয় যদি:
আপনি চরম রোগগ্রস্থ (terminally ill/টার্মিনালি ইল) হন; অথবা

- জামাকাপড় পড়া,স্নান করা, তাদের নিজেদের বাড়ীতে যোগাযোগ বা চলাফেরা করা খুব কঠিন হয়ে পড়ে; অথবা
- আপনি যাতে নিরাপদে থাকেন সেইজন্য অন্য কোন ব্যক্তিকে সব সময় আপনার উপর নজর রাখতে হয়

এই বেনিফিট পেতে হলে এটা দেখাতে হবে যে গত ছয় মাস ধরে আপনার এই সাহায্যগুলির প্রয়োজন। আপনি যদি চরম রোগগ্রস্থ (terminally ill/টার্মিনালি ইল) হন তাহলে এই নিয়ম আপনার ক্ষেত্রে প্রোযোজ্য হবে না

আপনার যদি এটেনডেন্স এলাউন্স পাওয়ার যোগ্যতা থেকে থাকে, তাহলে আপনার আয়/ রোজগার বা সঞ্চয় যে পরিমানেরই হোক না কেন আপনাকে এটা দেওয়া হবে। বেশীর ভাগ বেনিফিটের সঙ্গেও এটা পাওয়া যেতে পারে

ডিসেবিলিটি লিভিং এলাউন্স পেলেও ইনকাম সাপোর্ট, হাউজিং বেনিফিট এবং কাউন্সিল বেনিফিট গুলির ((নর্দান আয়ারল্যান্ডে রেট রিবেট) পরিমান কমে না এবং সম্ভবত এই বেনিফিটগুলির পরিমান বেড়ে যেতে পারে। এটেনডেন্স এলাউন্স পাওয়ার মানে হল যে, যে ব্যক্তি আপনাকে যত্ন প্রদান করছেন তিনি কেয়ারারস এলাউন্সের জন্য আবেদন করতে পারবেন।

ডিসেবিলিটি লিভিং এলাউন্সের আবেদন করার জন্য ডিপার্টমেন্ট অফ ওয়ার্ক এন্ড পেনশনের, কেয়ারারস এবং ডিসেবলড্ পিপল্স এনকোয়ারি লাইনের ০৮০০ ৮৮২২০০ (নর্দান আয়ারল্যান্ডে ০৮০০ ২২০৬ ৭৪) নম্বরে ফোন করুন।

## ইনডাসট্রিয়াল ইনজুরিস বেনিফিট (আই আই বি)

যে সকল ব্যক্তিরা, যখন চাকরী/ কাজ করছিলেন তখন যদি, হয় শিল্পসংক্রান্ত দুর্ঘটনা(industrial accident/ইনডাসট্রিয়াল একসিডেন্ট) হয়েছিল অথবা শিল্পসংক্রান্ত রোগের(industrial disease/ইনডাসট্রিয়াল ডিসিস)

আরম্ভ হয়েছিল, এই বেনিফিট হচ্ছে তাদের জন্য। আপনাকে এটা প্রমান করতে হবে যে আপনার দুর্ঘটনা বা অসুস্থতা আপনি যখন সেখানে কাজ করছিলেন "সেখান থেকে এবং সেই সময়ে আরম্ভ হয়েছে"।

আপনার স্থানীয় সোসাল সিকিউরিটির অফিস থেকে ইনডাসট্রিয়াল ইনজুরিস বেনিফিট দাবী করার ফর্ম পাওয়া যাবে

যে সকল ব্যক্তিদের আয়/ রোজগার কম

## ইনকাম সাপোর্ট/ ন্যূনতম আয়ের জামানত (guarantee)

এই বেনিফিট হচ্ছে সেই সকল ব্যক্তিদের জন্য যাদের আয় সরকারী ন্যূনতম সীমার নীচে। ৬০ বৎসর বয়সের উপরের ব্যক্তিদের জন্য এই সাহায্যকারী আয় বা ইনকাম সাপোর্টকে বলা হয় ন্যূনতম আয়ের জামানত(guarantee)। এই ন্যূনতম সীমার পরিমান আপনার অবস্থার উপর নির্ভর করে।

সাধারনতঃ ইনকাম সাপোর্ট পেতে হলে আপনাকে হয় বেকার হতে হবে অথবা সপ্তাহে ১৬ ঘণ্টার কম চাকরী/কাজ করতে হবে। আপনার যদি কোন সঙ্গী থাকে তাহলে তাকে সপ্তাহে ২৪ ঘণ্টার কম চাকরী/কাজ করতে হবে। এট আশা করে হয় যে বেশীরভাগ ব্যক্তিরাই চাকরী/কাজ খুজবেন এবং জব সিকারস এলাউন্সের দাবী করবেন। অন্যথায় অন্যান্য ব্যক্তিরা ইনকাম সাপোর্টের জন্য দাবী করতে পাবেন। যে সকল ব্যক্তিরা ইনকাম সাপোর্টের দাবী করতে পারেন তাদের মধ্যে আছেন কেয়ারাররা, কেবলমাত্র একজন পিতা বা মাতা(single parent) , যাদের বয়স ৬০ বৎসর অথবা তার বেশী এবং যে সকল ব্যক্তিরা অসুস্থ অথবা বিকলাঙ্গ ব্যক্তিরা। কিছু কিছু কেয়াররা যত ঘণ্টাই কাজ করুন না কেন তারা ইনকাম সাপোর্ট পেতে পারেন

আপনার সঞ্চয় যদি ৮০০০ পাউন্ডের ( ১২০০০ পাউন্ড যদি আপনার বা আপনার সঙ্গীর বয়স ৬০ বৎসরে বেশী হয়) হয়, তাহলে আপনি ইনকাম সাপোর্ট পাবেন না। আপনারা যদি দুইজন একসঙ্গে(couple) থাকেন তাহলে আপনাদের মিলিত সঞ্চয় এই সীমার কম হতে হবে। যে সকল ব্যক্তিরা যত্ন নেওয়ার বাড়ীতে(residential care / রেসিডেন্সিয়াল কেয়ার ) বাস করেন তাদের সঞ্চয়ের সীমার পরিমান আলাদা।

আপনি যদি ২০০৩ সালের ৬ এপ্রিলের আগে ইনকাম সাপোর্টের জন্য আবেদন করে থাকেন এবং আপনার উপর নির্ভরশীল কোন সন্তান আছে, তাহলে আপনি আপনার ইনকাম সাপোর্টে আপনার সন্তানের জন্য বাড়তি অর্থ পেতে থাকবেন। ২০০৪ সালের এপ্রিল মাস থেকে আপনার সন্তানের পরিমান ইনকাম সাপোর্ট এবং চাইল্ড ট্যাক্স ক্রেডিটে মিশিয়ে দেওয়া হবে।

আপনি যদি ২০০৩ সালের ৬ই এপ্রিলের পর আবেদন করে থাকেন তাহলে অপনি হয় ২০০৪ সালের ৬ই এপ্রিল পর্য্যন্ত আপনার পরিবারেন বয়স্কদের এবং বাচ্চাদের জন্য ইনকাম সাপোর্ট পাবেন অথবা ইনকাম সাপোর্ট এবং চাইল্ড ট্যাক্স ক্রেডিট মিশিয়ে পাবেন। আপননি যদি এ বিষয়ে নিশ্চিত না হন তাহলে উপদেশ নিন।

আপনি আপনার স্থানীয় সোসাল সিকিউরিটির অফিস অথবা জবসেন্টার প্লাস থেকে ইনকাম সাপোর্টের দাবী করুন। যদি আপনার বয়স ৬০ বৎসরের বেশী হয় তাহলে পেনশন সার্ভিস হেল্পলাইনে ০৮০০ ০২৮ ১১১১ নম্বরে ফোন করে এর জন্য আবেদন করুন।

## জবসিকারস এলাউন্স

যে সকল ব্যক্তিরা বেকার এবং চাকরী/কাজ খুজছেন তাদের এই বেনিফিট দেওয়া হয়। অতীতে কতটা ন্যাশনাল ইনসিওরেন্স জমা দেওয়া হয়েছে তার উপর এই বেনিফিটের পরিমান নির্ভর করে। এটা ছয় মাস পর্যন্ত দেওয়া হতে পারে। জবসিকারস এলাউন্স আপনার আয়/রোজগার অথবা সঞ্চয়ের উপর নির্ভর করে না আয়ের উপর নির্ভরশীল একটা পরিমান দেওয়া হতে পারে এবং সেটার নিয়ম হচ্ছে ইনকাম সাপোর্টের অনুরূপ।

আপনার স্থানীয় জব সেন্টার থেকে জবসিকারস এলাউন্সের দাবী করুন।

## ট্যাক্স ক্রেডিট

২০০৩ সালের এপ্রিল মাস থেকে দুই রকমের ট্যাক্স ক্রেডিট পাওয়া যাবে। সেগুলি হল ওয়ার্কিং ট্যাক্স ক্রেডিট এবং চাইল্ড ট্যাক্স ক্রেডিট।

## চাইল্ড ট্যাক্স ক্রেডিট

যে সকল ব্যক্তিরা ১৬ বৎসর বয়সের নীচে বাচ্চাদের (অথবা ১৯ বৎসর বয়সের নীচে যারা লেখাপড়া করছে) দেখাশোনা করছেন তাদের চাইল্ড ক্রেডিট দেওয়া হয়। আপনি কত পাবেন সেটা নির্ভর করে আপনার আয়/রোজগার এবং ব্যক্তিগত অবস্থার উপর। আপনার যদি কোন বিকলাঙ্গ সন্তান থাকে তাহলে তার জন্য বেশী ক্রেডিট পেতে পারেন।

যারা একালা থাকেন এবং যারা বিবাহিত অথবা একসঙ্গে বসবাস করেন, তাদের উপর কোন বাচ্চার দেখাশোনা করার দায়িত্ব থেকে থাকে এবং তাদের বাৎসরিক রোজগার যদি ৫৮,০০০ পর্য্যন্ত হয় তাহলে তাদের এই ক্রেডিট পাওয়ার যোগ্যতা থাকার খুবই সম্ভাবনা - তাদের যদি এক বৎসরের নীচে কোন বাচ্চ থাকে, তাহলে তাদের আয়/রোজগারের পরিমানের সীমা হয়ত আরও একটু বেশী হতে পারে। বাচ্চাদের দেখাশোনা করবার জন্য যে অর্থ ব্যয় করা হয় সেটা এই রোজগারের মধ্যে ধরা হয় না।

## ওয়ার্কিং ট্যাক্স ক্রেডিট

এটা হল যে সকল ব্যক্তিরা কাজ/চাকরী করছেন তাদের জন্য। সাধারনতঃ আপনার বয়স হতে হবে ২৪ বৎসরের বেশী এবং অন্ততপক্ষে সপ্তাহে ৩০ ঘণ্টার জন্য কাজ করতে হবে। আপনি যদি সপ্তাহে ১৬ ঘণ্টা বা তার বেশী সময় কাজ করে থাকেন এবং আপনার

- বয়স ১৬ অথবা তার বেশী এবং একটি বাচ্চার দেখাশোনা করার দায়িত্ব আছে
- বয়স ১৬ অথবা তার বেশী এবং বিকলাঙ্গ (disabled/ডিসেবল্ড)
- বয়স ৫০ বৎসর অথবা বেশী এবং কতকগুলি বিশেষ বেনিফিট পাবার পর এখন আবার কাজ আরম্ভ করেছেন

আপনার অর্থের পরিমান কত হবে সেটা নির্ভর করে আপনার আয় এবং অবস্থার উপর।

ট্যাক্স ক্রেডিটের আবেদন করার অথবা সেই সম্বন্ধে আরও খবরাখবর জানার জন্য ইনল্যান্ড রেভিন্যুর হেল্পলাইন ০৮৪৫ ৩০০ ৩৯০০ (নর্দান আয়ারল্যান্ডে ০৮৪৫ ৬০৩ ২০০০) নম্বরে ফোন করুন।

## হাউজিং বেনিফিট এবং কাউন্সিল ট্যাক্স বেনিফিট

এইগুলি হচ্ছে সেইসকল ব্যক্তি যাদের আয়/ রোজগার কম এবং তারা বাড়ীভারা এবং কাউন্সিল ট্যাক্স ( রেইটস) দেন তাদের জন্য। আপনার সঞ্চয়ের পরিমান অবশ্যই ১৬ হাজার পাউন্ড বা তার কম হতে হবে।

হাউজিং বেনিফিট, কাউন্সিল ট্যাক্স বেনিফিট অথবা রেট রিবেটের আবেদন করতে হলে আপনার স্থানীয় হাউজিং অধিকর্ত্তার (authority) সঙ্গে যোগাযোগ করুন। আপনি হয়ত অন্যান্য পরিকল্পনার দ্বারাও আপনার কাউন্সিল ট্যাক্সের জন্য সাহায্য পেতে পারেন, যেমন- আপনি কোন ব্যক্তিকে যত্ন প্রদান করে থাকেন, আপনার বাড়ী খালি পড়ে আছে সেখানে কেউ থাকে না, আপনি একলা বাস করেন অথবা বাড়ী বিকলাঙ্গ ব্যক্তির বসবাসের জন্য উপযুক্ত করা হয়েছে।

## সোসাল ফান্ড

যে কোন একটা একবারের খরচের জন্য সোসাল ফান্ড ধার এবং অনুদান (grant) দিয়ে থাকে। যে সকল ব্যক্তিরা কতকগুলি বিশেষ আর্থিক সঙ্গতির পরিপূরক বেনিফিট পান, তারা হয়ত নিম্নলিখিতগুলির ব্যাপারে সাহায্যের জন্য আবেদন করতে পারবেন।

- অন্তষ্টিক্রিয়ার খরচ/ কবর দেওয়ার খরচ(funeral expenses/ফিউনারেল এক্সপেন্সেস)
- মাতৃত্বের খরচ(maternity exepenses/ম্যাটারনিটি এক্সপেন্সেস)

যে সকল ব্যক্তিরা ইনকাম সাপোর্ট অথবা ইনকাম বেইসড জব সিকারস এলাউন্স পান তারা হয়ত নিম্নলিখিত সাহায্যগুলি পেতে পারেন।

- কমিউনিটি কেয়ার গ্রান্ট - বিশেষ ভ্রমনের জন্য অথবা গৃহহীন ব্যক্তিদের বাড়ীতে বসবাসের ব্যবস্থা আরম্ভ করার জন্য অথবা বিকলাঙ্গ ব্যক্তিরা যাদে নিজেদের বাড়ীতে থাকতে পারেন সেই ব্যবস্থা করার জন্য
- বাজেটিং লোন - ফার্নিচার অথবা বাড়ীর অন্যান্য জিনিষপত্র কিনবার জন্য

কোন আকষ্মিক দুর্ঘটনা অথবা জরুরী অবস্থার জন্য যে সকল ব্যক্তিদের সাহায্যের প্রয়োজন তারা হয়ত ক্রাইসিস লোন পেতে পারেন।

সোসাল ফান্ড থেকে সাহায্যের জন্য আপনার স্থানীয় সোসাল সিকিউরিটির অফিসে অথবা জব সেণ্টার প্লাস অফিসে আবেদন করুন।

## স্বাস্থ্যের বেনিফিটগুলি

যে সকল ব্যক্তিদের আয়/ রোজগার কম এবং সঞ্চয় যদি ৮০০০ পাউন্ডের ( ১২০০০ পাউন্ড যদি আপনার বা আপনার সঙ্গীর বয়স ৬০ বৎসরে বেশী), তারা হয়ত নিম্নলিখিতগুলির জন্য দাবী জানাতে পারেন।

- বিনা পয়সায় ওষুধ
- বিনা পয়সায় বা কম পয়সায় দাঁতের চিকিৎসা
- বিনা পয়সায় চোখ পরীক্ষা এবং চশমার জন্য ভাউচার

## পেনশন ক্রেডিট

২০০৩ সালের অক্টোবর মাস থেকে ন্যূনতম আয়ের জামানতের পরিবর্তে পেনশন ক্রেডিট দেওয়া হবে। এই ক্রেডিটের দুইটি ভাগ আছে। একটি হল জামানতের ক্রেডিট, ৬০ বৎসর অথবা তার বেশী যাদের বয়স তাদের জন্য ন্যূনতম আয়ের জামানত এবং আর একটা হল সেভিংস ক্রেডিট, যে সকল ব্যক্তিদের বয়স ৬৫ অথবা বেশী এবং মোটামুটি পরিমানে আর্থিক সঞ্চয় আছে অথবা অল্প পরিমানের কাজের/ চাকরীর(occupational) পেনশন অথবা ব্যক্তিগত(personal) পেনশন পান।

পেনশন ক্রেডিটে নির্ভরশীল সন্তানদের জন্য কোন ক্রেডিট দেওয়া হবে না - এই আর্থিক সাহায্য দেওয়া হবে চাইল্ড ট্যাক্স ক্রেডিটের মাধ্যমে।

যে সকল ব্যক্তিরা ন্যূনতম আয়ের জামানত পাচ্ছেন, তাদের স্বাভাবিকভাবেই পেনশন ক্রেডিট দেওয়া হবে। অন্যান্য যারা পেনশন পাচ্ছেন তাদের ২০০৩ সালের সামারের শেষ দিকে এই সম্বন্ধে তথ্য পাঠানো হবে।

২০০৩ সালে এপ্রিল মাসে ছাপানো